গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.৯৯.০০৬.১৮(অংশ-১)-১১৩৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

বিষয়: ঢাকা নগরীর বিভিন্ন স্থানে জব্দকৃত গাড়ীর ডাম্পিং অন্যত্র স্থানান্তরকরণ।

সূত্র: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১০.০০০০.০২০.০০.২০২২-৬১৬; তারিখ: ২৮ আগস্ট ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী নাগরিক সুবিধাসমূহ নিশ্চিত করার লক্ষ্যে একটি স্বায়ত্বশাসিত ও সেবাধর্মী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করছে। আগারগাঁওস্থিত সরকারি সঙ্গীত কলেজ সংলগ্ন রোডসহ নগরীর অন্যান্য পুলিশ স্টেশন (থানা) এর সামনে আইন-শৃঙ্খলাবাহিনী কর্তৃক আলামত হিসেবে জব্দকৃত গাড়ীসমূহ ডাম্পিং করে রাখায় রাস্তার অর্ধেকাংশ জনসাধারণ ব্যবহার করতে পারছেনা। ফলে ব্যাপক যানজট সৃষ্টির পাশাপাশি নগরীর সৌন্দর্য্য নষ্ট হচ্ছে। তাই নগরীর সৌন্দর্য রক্ষার্থে ও জনস্বার্থে বিভিন্ন স্থান হতে মামলার আলামত হিসাবে জব্দকৃত যানবাহনসমূহ দ্রুত সময়ে বিনষ্ট/নিলামে বিক্রয় বা বিজ্ঞ আদালতের সন্তুষ্টি সাপেক্ষ অন্য কোন প্রক্রিয়ায় নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করার জন্য সূত্রোক্ত পত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে অনুরোধ করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, একটি বসবাসযোগ্য ও দৃষ্টিনন্দন ঢাকা মহানগরীর গড়ে তোলার লক্ষ্যে যানজট নিরসনসহ জনস্বার্থে ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে মামলার আলামত হিসাবে জব্দকৃত যানবাহনসমূহ বিনষ্ট/নিলামে বিক্রয় বা বিজ্ঞ আদালতের সন্তুষ্টি সাপেক্ষ অন্য কোন প্রক্রিয়ায় দ্রুত সময়ে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩.১০.২০২২
(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৪। মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।
৫। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
Dhaka North City Corporation

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| স্মারক নং- | ৪৬ | ১০ | ০০০০ | ০২০ | ০০ | ২০২২ | ৮৭৮ | তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ |
|---|---|---|---|---|---|---|---|---|

বিষয়- নগরীর বিভিন্ন স্থানে জব্দকৃত গাড়ীর ডাম্পিং অন্যত্র স্থানান্তর করণ প্রসঙ্গে।

সূত্র- (১) ডিএনসিসি'র স্মারক নং- ৪৬.১০.০০০০.১১৯.৯৯.২৮২.২০১৯, তাং- ১৮/০৯/২০১৯খ্রিঃ।
(২) স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.২৮.০০১.১৮.১৫২২, তাং- ২০/১১/২০১৯খ্রিঃ।
(৩) স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৮.১৯.৯০৯, তাং- ০৩/০৯/২০২০খ্রিঃ।
(৪) ডিএনসিসি'র স্মারক নং- ৪৬.১০.০০০০.০২০.০০.২০২১.১৩, তাং- ০৪/০১/২০২১খ্রিঃ।
(৫) ডিএনসিসি'র স্মারক নং- ৪৬.১০.০০০০.০২০.০০.২০২১.১৪, তাং- ০৪/০১/২০২১খ্রিঃ।
(৬) ডিএনসিসি'র স্মারক নং- ৪৬.১০.০০০০.১১৯.৯৯.৯৭৮.২০২১, তাং- ০৬/০৭/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র সমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন একটি স্বায়ত্তশাসিত ও সেবাধর্মী প্রতিষ্ঠান। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ কর্তৃক অর্পিত নাগরিক সুবিধা সমূহ নিশ্চিত করা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অন্যতম দায়িত্ব। এরূপ দায়িত্ব পালনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সব সময়ই সচেতন। উল্লেখ্য নগরীকে আধুনিকায়ন করার লক্ষ্যে মেট্রোরেল এবং এলিভেটেড্ এক্সপ্রেসওয়েসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। ফলে যানজট নিরসণের লক্ষ্যে লিংকরোডসমূহ উন্মুক্ত রাখা আবশ্যক। আগারগাঁওস্থিত সরকারি সঙ্গীত কলেজ সংলগ্ন রোডসহ নগরীর অন্যান্য পুলিশ স্টেশন (থানা) এর সামনে আইন শৃঙ্খলাবাহিনী কর্তৃক আলামত হিসেবে জব্দকৃত গাড়ী সমূহ ডাম্পিং করে রাখা হয়। ফলে রাস্তার অর্ধেক অংশ জনসাধারণ কর্তৃক ব্যবহার করতে পারছে না। এতে ব্যাপক যানজট সৃষ্টির পাশাপাশি নগরীর সৌন্দর্য্য নষ্ট হচ্ছে। এ বিষয়ে একটি স্থায়ী সমাধানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

একটি বসবাসযোগ্য এবং দৃষ্টিনন্দন নগরীর গড়তে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। নগরীর সৌন্দর্য্য রক্ষার্থে এবং জনস্বার্থে নগরীর বিভিন্ন স্থান হতে মামলায় আলামত হিসেবে জব্দকৃত গাড়ীসমূহ অন্যত্র স্থানান্তর করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, ঢাকার যানজট নিরসণসহ জনস্বার্থে নগরীর বিভিন্ন স্থান হতে মামলায় আলামত হিসেবে জব্দকৃত গাড়ীসমূহ যথাসম্ভব দ্রুত সময়ে অন্যত্র স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আইন ও বিচার বিভাগের সহায়তায় ঢাকা মহানগরীর সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট আলামত সমূহ বিনষ্ট/ নিলামে বিক্রয় বা বিজ্ঞ আদালতের সন্তুষ্টি সাপেক্ষ অন্য কোন প্রক্রিয়ায় দ্রুততম সময়ে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করার জন্য আইন ও বিচার বিভাগের সচিব মহোদয় বরাবর অনুরোধ জানিয়ে পত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি- বর্ণনামতে।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ২) মহাপরিচালক | |
| ৩) যুগ্মসচিব | |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | |
| ডাইরি নং ৯২৭<br>তারিখঃ ০৫/৯/২২ | স্বাক্ষর |


মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
(অতিরিক্ত সচিব)
ফোন নং-৪৮৮১১৩৩৩
ফ্যাক্স-৮৮৩৪৮৯৩
ceo@dncc.gov.bd


সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরি নং ৭২৭
তারিখ: 05 SEP 2022
প্রশাসনিক কর্মকর্তা (সিটি কর্পোরেশন-১)

অনুলিপিঃ
১। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ: ৭/৯/২২
নম্বর ৪০

নম্বর ... তারিখ ৫/৯/২২
১। যুগ্ম-সচিব (ন:উ:-১)
২। যুগ্ম-সচিব (ন:উ-২)
৩। উপ-সচিব (সি: ক:১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)
অতিরিক্ত সচিব (ন:উ:)

নম্বর ২২৭৭ তারিখ ০৪/৯/২২
১। উপ-সচিব-সিঃ ক-১
২। উপ-সচিব-সিঃ ক-২
৩। নগর উন্নয়ন-১
৪। নগর উন্নয়ন-২
যুগ্মসচিব (নঃউঃ-১) অধিশাখা
08.09.22